জীবনের জন্য বিজ্ঞান
Advertisement-2019 (9th phase) P1

"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)
## BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং ৩৯.৩০৭.০১৪.০০.০১.২০৪.২০১৯- ৪৪৩

তারিখ: ২০.১১.২০১৯

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ১০.০৭.২০১৯ তারিখের নং-৩৯.০০.০০০০.০০৫.১১.০১২.১৭-২৫৫ সংখ্যক এবং ০২.০৯.২০১৯ তারিখের নং-৩৯.০০.০০০০.০০৫.১১.০১২.১৭-৩৩০ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) এর রাজস্বখাতের নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | প্রার্থীর বয়স |
|---|---|---|---|---|
| ১ | পদ: ইঞ্জিনিয়ার<br>টাকা ২২০০০.....৫৩০৬০/- (গ্রেড-৯)<br>**বিষয়:** মেটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১টি | ইঞ্জিনিয়ারিং-এর সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণিসহ ইহার সমতুল্য শিক্ষাগত যোগ্যতা। | ১ নভেম্বর ২০১৯ তারিখে অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত। [মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য আবেদনকারীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর] |
| ২ | পদ: মেডিক্যাল অফিসার<br>টাকা ২২০০০.....৫৩০৬০/- (গ্রেড-৯) | ২ টি | এম.বি.বি.এস অথবা সমমানের ডিগ্রি। | |
| ৩ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (স্টোনোগ্রাফার/পিএ)<br>টাঃ ১১০০০...২৬৫৯০/- (গ্রেড-১৩) | ২ টি | এইচ.এস.সি ও তৎসহ শর্টহ্যান্ডে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ এবং টাইপে বাংলায় ও ইংরেজীতে যথাক্রমে ২৫টি ও ৩০টি শব্দ লিখনের গতি। | ১ নভেম্বর ২০১৯ তারিখে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর পর্যন্ত। [মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য আবেদনকারীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর] |
| ৪ | এলডিএ/ টাইপিস্ট/ টেকনিক্যাল টাইপিস্ট<br>টাঃ ৯৩০০...২২৪৯০/- (গ্রেড-১৬) | ১৯ টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও তৎসহ ইংরেজী টাইপে মিনিটে ৩৫ শব্দ গতিসম্পন্ন ও বাংলায় ২৫ শব্দ লিখনের গতি। | |
| ৫ | ড্রাইভার (গাড়ী চালক)<br>টাঃ ৯৩০০...২২৪৯০/- (গ্রেড-১৬) | ২ টি | অষ্টম শ্রেণি পাশ, হালকা এবং ভারী যানবাহন চালনার জন্য সঠিক ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | |
| ৬ | কার্পেন্টার<br>টাঃ ৯৩০০...২২৪৯০/- (গ্রেড-১৬) | ১ টি | ৮ম শ্রেণি পাশ ও তৎসহ ৫ বৎসরের অভিজ্ঞতা অথবা ট্রেড সার্টিফিকেট। | |

শর্তাবলি :

১. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://bcsir9.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৬.১১.২০১৯ খ্রিঃ, সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৬.১২.২০১৯ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন।

চলমান পাতা-২

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

## BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)



Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ ক্রমিক নং ১-২ এর পদের জন্য ৪৪৫/- (চারশত পঁয়তাল্লিশ) টাকা এবং ক্রমিক নং ৩-৬ এর পদের জন্য ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: BCSIR9<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BCSIR9 ABCDEF

Reply: Applicant's Name, Tk-.......... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BCSIR9<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BCSIR9<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BCSIR9 YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BCSIR Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://bcsir9.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BCSIR9<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BCSIR9 Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: BCSIR9<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BCSIR9 Help PIN 12345678 & send to 16222.

২. ক্রমিক নং ৩ এ উল্লিখিত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে জনবল নিয়োগের জন্য ২৯.০৬.২০১৮ তারিখের 'New Age' পত্রিকায় এবং ৩০.০৬.২০১৮ তারিখের 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় প্রকাশিত ২৮.০৬.২০১৮ তারিখের নং ৩৯.৩০৭.০১১.০০.০০.৮৭৭.২০১৮/৯৮৫ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আবেদনকারীদের পুণরায় অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদন করার প্রয়োজন নাই।

৩. নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

৪. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে (বিসিএসআইআর-এর ওয়েব সাইটে প্রকাশিত নমুনা মোতাবেক) নির্দিষ্ট ফরমে অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৫. আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৬. নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী বিসিএসআইআর এর Website: www.bcsir.gov.bd–এ প্রকাশ করা হবে।

৭. কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৮. নিয়োগকৃতদের রাজশাহী, চট্টগ্রাম, জয়পুরহাটসহ বিসিএসআইআর-এর বিভিন্ন গবেষণাগার/ইউনিটে পদায়ন করা হবে।

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোঃ খলিলুর রহমান)
সচিব

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd